

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
আইসিটি শাখা

...

সভাপতি	মোঃ মনোয়ার হোসেন
	উপপরিচালক
সভার তারিখ	১২/১১/২০১৮ খ্রিঃ
সভার সময়	বিকাল ৩.০০ ঘটিকায়
স্থান	উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) এর অফিস কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১। মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম পর্যালোচনা :

সভাপতি উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) ও সদস্য সচিব এর নিকট মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) জনাব মোঃ বদিউল আলম সুফল সভায় জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর লক্ষ্যমাত্রা/নির্ণায়ক অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এখন পর্যন্ত মৎস্য অধিদপ্তরের ইনোভেশন বিষয়ক অবস্থান সন্তোষজনক বলা যেতে পারে। তবে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য অন্যান্য শাখার সহযোগিতা প্রয়োজন।

২। মাঠ পর্যায়ের উদ্ভাবনী আইডিয়া আহ্বান এবং প্রস্তাবকৃত উদ্যোগ পর্যালোচনাঃ

উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) সভায় জানান যে, বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০১৮-১৯ মোতাবেক ৪নং অনুচ্ছেদ অনুযায়ী মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে অনলাইনে উদ্ভাবনী ধারণা বা উদ্যোগ আহ্বান করা হয়েছিল। এতে ৮ জন উদ্ভাবকের সর্বমোট ১৫টি আইডিয়া পাওয়া যায়। অনলাইনে প্রাপ্ত আইডিয়াসমূহ কম্পাইল করে উপস্থাপন করা হয়, এর ফলে সময় ও অর্থ সাশ্রয় হয়েছে এবং পেপারলেস অফিস বাস্তবায়নে মৎস্য অধিদপ্তর আরো এগিয়েছে। ইনোভেশন অফিসার মহোদয় প্রাপ্ত আইডিয়াসমূহের উদ্ভাবকগণকে নিয়ে একটি ১(এক) দিনের কর্মশালা করার নির্দেশনা প্রদান করেন।

৩. ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পর্যালোচনাঃ

সদস্য সচিব সভায় জানান যে, মৎস্য অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ২.১ মোতাবেক ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে এবং কর্মপরিকল্পনার ২.২.১ অনুচ্ছেদ মোতাবেক ইনোভেশন টিমের বিগত সকল সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন হচ্ছে। এছাড়া ইনোভেশন সংক্রান্ত সকল কার্যক্রম সঠিকভাবে সম্পাদিত হচ্ছে।

৪. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনা :

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, বিগত ০৬/০৯/২০১৮ খ্রিঃ তারিখের ইনোভেশন টিমের সভায় ৪টি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে মর্মে সদস্য সচিব সভাকে অবহিত করেন। ২০১৮-১৯ অর্থবছরে ক্রমপুঞ্জিভূত বাস্তবায়িত মোট সিদ্ধান্ত হলো ১০টি।

৫. বিবিধ আলোচনা :

ক) উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অক্টোবর/২০১৮ মাসের ইনোভেশন টিমের সভায় সভাপতি মহোদয় উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের অগ্রাধিকার ভিত্তিতে বৈদেশিক শিক্ষা সফরের

জন্য প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য সকল দপ্তর/সংস্থাকে আহ্বান জানান। উক্ত আহ্বানের প্রেক্ষিতে ইনোভেশন অফিসার মহোদয় মৎস্য অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পের বৈদেশিক প্রশিক্ষণে উদ্ভাবনে সম্পৃক্ত কর্মকর্তাদের সংযুক্ত করার ব্যাপারে নথি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।

খ) মৎস্য অধিদপ্তরের উদ্ভাবনসমূহের রেপ্লিকেশন ত্বরান্বিত করার প্রয়াসে ইনোভেশন খাতে বাজেট বৃদ্ধির জন্য উপযোজনের সময় প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য বাজেট শাখায় পত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য, বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার ১০.১.১ অনুচ্ছেদ মোতাবেক কমপক্ষে ৩৫ লক্ষ টাকা বরাদ্দ পেলে ১০০% অর্জিত হবে বলে উল্লেখ করা হয়।

সভার উপস্থিত সদস্যগণ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেন।

সিদ্ধান্তসমূহ:

- ১। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যাদি যথাসময়ে সম্পন্ন করতে হবে;
- ২। উদ্ভাবকগণকে নিয়ে এক দিনের ইনোভেশন বিষয়ক কর্মশালার আয়োজনের জন্য প্রশিক্ষণ শাখাকে পত্র দিবেন ;
- ৩। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ৩.৪.১ বাস্তবায়নের নিমিত্ত উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের অগ্রাধিকার ভিত্তিক তালিকা প্রশিক্ষণ শাখাসহ প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবেন;
- ৪। ইনোভেশন খাতে প্রয়োজনীয় অর্থ উপযোজনের মাধ্যমে বরাদ্দের জন্য অর্থ ও পরিকল্পনা শাখাকে পত্র দিবেন।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মনোয়ার হোসেন
উপপরিচালক

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০১.১৭.৮৮

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৫
১৯ নভেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্ম-সচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
- ৩) উপপরিচালক, উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) এর দপ্তর, মৎস্য অধিদপ্তর
- ৪) উপপ্রধান, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর
- ৫) সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর
- ৬) সহকারী পরিচালক, বাজেট শাখা, মৎস্য অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর
- ৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৯) সহকারী পরিচালক, বাস্তবায়ন শাখা, মৎস্য অধিদপ্তর
- ১০) প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, সম্প্রসারণ শাখা, মৎস্য অধিদপ্তর
- ১১) গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর



মোঃ বদিউল আলম সুফল
উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও সদস্য

সচিব